



## ২০১২ অলিম্পিক এবং প্যারালিম্পিক গেমস

ব্যাপকভাবে মনে করা হয় যে লন্ডন ২০১২ অলিম্পিক ও প্যারালিম্পিক গেমস অনুষ্ঠান আয়োজনের জন্য প্রতিবন্ধিতায় সাফল্য অর্জিত হয়েছিল প্রধানত গেমস-এর পরে প্রদেয় প্রতিশ্রুত পরবর্তী সুবিধাসমূহের কারণে। Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর গৃহায়ন প্রকল্পগুলো নিবিড়ভাবে পাঁচটি স্বাগতিক বারান- হ্যাকনি, নিউহ্যাম, টাওয়ার হ্যামলেটস, গ্রীনিচ এবং ওয়ালথাম ফরেস্ট-এ অবস্থিত, আর তাই আমাদেরও স্বার্থ হলো ২০১২ অলিম্পিক গেমস আয়োজনের সুবিধাগুলো যেন Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর বাসিন্দাগণ উপভোগ করেন তা নিশ্চিত করতে সহায়তা করা, বিশেষতঃ এ সকল ক্ষেত্রে:

- চাকুরি ও প্রশিক্ষণ
- শ্রেষ্ঠাভিত্তিক সেবা
- স্বাস্থ্য, ক্রীড়া এবং সুস্থতা
- সাংস্কৃতিক
- প্রতিবন্ধিক্ত (ডিজিবেলিটি) এবং বিশেষ প্রয়োজন

### ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড

ক্রীড়া স্পষ্টতই অলিম্পিক্স-এর একটি মৌলিক বিষয়, এবং Southern Housing Group (সাউদার্ন হাউজিং গ্রুপ) -এর বাসিন্দাদের ক্রীড়া কর্মকাণ্ডে সহায়তার জন্য ২০০৮ সালে আমরা [ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড](#) গঠন করি। **আমাদের সকল অনুদানমূলক কার্যক্রম সম্পর্কে আরো জানুন।**

ফাউন্ডেশন স্পোর্টস ফান্ড হতে পুরস্কার প্রদানের তিনটি উদাহরণ হল:

- সাসেক্স-এ একজন মৌখ মালিকের জন্য প্রশিক্ষণ খরচসহ আর্থিক সহায়তা, যিনি ইংল্যান্ড উইমেন্স ডেফ টিম (Women's Deaf Team) -এর পক্ষে ফুটবল খেলেন এবং আগামী বছর তাইওয়ানে অনুষ্ঠিতব্য ডেফলিম্পিক্স-এ ইংল্যান্ডের প্রতিনিধিত্ব করার যার কথা রয়েছে।
- ড্যাগেনহ্যামে একজন বাসিন্দাকে তার ডাক্তারদের সুপারিশ মোতাবেক ব্যবস্থা নেওয়া স্বাস্থ্য উন্নয়ন কর্মসূচীতে সাহায্যের জন্য শরীরচর্চা কেন্দ্র (জিম)-এর ফী পরিশোধে সহায়তা প্রদান
- বেকটনে দুটি শিশুকে তাদের কারাতে প্রশিক্ষণ চালিয়ে যেতে সাহায্য প্রদান করা হয়

BENGALI-repairs-and-maintenance